বিএনপিকে ‘জামায়াত ছাড়তে’ বলল ঐক্যফ্রন্ট

আলোকিত প্রতিবেদক : জাতীয় ঐক্যফ্রন্টের আহ্বায়ক ড. কামাল হোসেন বলেছেন, আমরা অতীতে জামায়াতকে নিয়ে রাজনীতির চিন্তাও করিনি। ভবিষ্যতেও করব না।

বিএনপিকে জামায়াত ছাড়তে বলবেন কি না-সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, এটি বলা যেতে পারে।

এ সময় গণফোরামের সাধারণ সম্পাদক মোস্তফা মোহসীন মন্টু বলেন, আমরা ইতিমধ্যেই বিএনপির মহাসচিবকে বলেছি। বিষয়টির সুরাহা চাই।

ড. কামাল বলেন, যেটা হয়েছে, সেটি অনিচ্ছাকৃত ভুল। তারা যে ধানের শীষে জামায়াতের ২২ জনকে মনোনয়ন দেবে, সেটি জানতাম না।

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, সরকারি দল ছাড়া আর কেউ সুষ্ঠু নির্বাচন হয়েছে, সেটা বলছে না। চাইলেও বলা সম্ভব না।

শনিবার রাজধানীর আরামবাগে গণফোরামের কেন্দ্রীয় কমিটির সভা শেষে প্রেস ব্রিফিংয়ে সভাপতি ড. কামাল এসব কথা বলেন।